

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৩১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/৩০ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং ১৭-আইন/আয়কর-২৪/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত সারণীর কলাম (১) এ উল্লিখিত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত ধারার অধীন উৎসে কর্তিত করের পরিমাণকে ২০২৩-২০২৪ করবর্ষের জন্য চূড়ান্ত করদায় হিসাবে নির্ধারণ করিয়া উক্ত উৎস হইতে অর্জিত আয়ের বিপরীতে উদ্ধৃত অতিরিক্ত কোনো করদায় পরিশোধ হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

সারণী

আয়ের উৎস	যে ধারার অধীন উৎসে কর কর্তনযোগ্য	যে সকল ব্যক্তির জন্য প্রযোজ্য
(১)	(২)	(৩)
সম্পত্তি অধিগ্রহণের ক্ষতিপূরণ হইতে অর্জিত মূলধনি আয়	১১১	সকল স্বাভাবিক ব্যক্তি করদাতা

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৭৩)

মূল্য : টাকা ৪.০০